

এগজিকিউটিভ অর্ডার

**দুর্যোগকালীন সঙ্কটের ঘোষণা অব্যাহত রাখা হয়েছে**

**যেখানে,** 20 নভেম্বর 2019 তারিখে জারি করা নির্বাহী আদেশ 198 অনুযায়ী কাযুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অরলিনস, ওসওয়োগো, সেন্ট লরেন্স এবং ওয়েনে ব্যাপক বন্যা, ভূমিক্ষয় এবং জলের কারণে হওয়া ক্ষতির ফলে বিপর্যয় ঘোষণা করা হয়েছে, এতে বাড়ি এবং অন্যান্য আবাসিক পরিকাঠামো, ব্যবসা এবং সরকারি পরিকাঠামোর উল্লেখযোগ্য ক্ষতি হয়েছে;

**যেখানে,** 6 জুলাই, 2021 তারিখে জারি করা নির্বাহী আদেশ 211 অনুযায়ী রাজ্যব্যাপী এক বিপর্যয়ের ঘোষণা করা হয়েছে বন্দুক সংক্রান্ত সহিংসতার কারণে;

**যেখানে,** 19 আগস্ট 2021 তারিখে জারি করা নির্বাহী আদেশ 212 অনুযায়ী একটি পোস্ট-ট্রপিকাল সাইক্লোনের পরে একটি বিপর্যয় ঘোষণা করা হয়েছে স্টয়েবেন কাউন্টিতে যা উল্লেখযোগ্য বৃষ্টি সৃষ্টি করেছে যার ফলে বিদ্যুৎ বিভ্রাট, গাছ ভেঙে পড়া, স্থানীয় আকস্মিক বন্যা, রাস্তা বন্ধ হওয়া, যাত্রা ব্যাহত হওয়া এবং সরকারি ও ব্যক্তিগত সম্পত্তির ক্ষতি;

**যেখানে,** 21 আগস্ট 2021 তারিখে জারি করা নির্বাহী আদেশ 213 অনুযায়ী ব্রঙ্কস, কিংস, নাসাউ, নিউ ইয়র্ক, কুইন্স, রিচমন্ড, সাফোক, ওয়েস্টচেস্টার, পুটনাম, রকল্যান্ড, অরেঞ্জ, ডাচেস, সালিভান, কলাম্বিয়া, ডেলাওয়্যার, গ্রিন, ব্রুম, চেনাঙ্গো, ওটসেগো, রেনসেলার, স্কোহারি, অ্যালবানি, মন্টগোমারি, স্কেনেকটেডি, সারাটোগা, এবং সংলগ্ন কাউন্টিগুলিতে বিপর্যয় ঘোষণা করা হয়েছে প্রভাবিত এলাকাগুলির সর্বত্র বিদ্যুৎ বিভ্রাট, গাছ পরা, স্থানীয় আকস্মিক বন্যা, রাস্তা বন্ধ হওয়া, যাত্রা ব্যাহত হওয়া, এবং সরকারি এবং বেসরকারি সম্পত্তির ক্ষতির কারণে;

**এখন, অতএব, আমি, ক্যাথি হোচুল,** নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের আইন এবং সংবিধানে আমার হাতে দেওয়া ক্ষমতার বলে এতদ্বারা রাজ্যের বিপর্যয়ের জরুরি অবস্থা প্রসারিত করছি, যেমন নির্বাহী আদেশ 198, 211, 212, এবং 213-তে উল্লেখ করা আছে এবং 23 আগস্ট, 2021 তারিখ পর্যন্ত নির্বাহী আদেশ নম্বর 198 থেকে 198.19, 211, 211.1, 212 এবং 213-এ থাকা নিয়মাবলী, শর্তাবলী এবং স্থগিতাদেশগুলি অব্যাহত রাখছি।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবানি শহরে স্টেটের নিজস্ব  
সিলমোহর সহ দুই হাজার একুশ সালের সেপ্টেম্বর  
মাসের তেইশতম দিনে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব